# উপজেলা পরিষদ কার্যালয়
# সিলেট সদর, সিলেট

সিলেট সদর উপজেলার ৬ষ্ঠ পরিষদের ২য় মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : জনাব মোঃ সুজাত আলী রফিক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।

তারিখ : ১১-০৭-২০২৪ খ্রিঃ।

সময় : সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিতি ও অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার শুরু করেন।তিনি সিলেট জেলার মধ্যে জন্ম নিয়ন্ত্রনে সিলেট সদর উপজেলা প্রথম স্থান অর্জন করেছে, তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন । অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন। | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সবাইকে স্বাগত জানান। অতপর সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণি সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত এবং দৃঢ়ীকরণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | বিভাগীয় অগ্রগতি পর্যালোচনাঃ- | | | |
| ২.১ স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | (ক) আলোচনার শুরুতে উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট জানান পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুর্ণবাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত প্রকল্পের বাস্তবায়নের হার ৯৯% । তিনি চলতি বছরের এডিপি ও উন্নয়ন তহবিলের বিভাজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন ।<br>অদ্য সভার সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান, সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ রাস্তার জরুরী মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী দৃষ্টি আকর্ষন করেন।তিনি খাঁল খননের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের প্রস্তাব করেন । | ১.১) পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুর্ণবাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>১.২) বার্ষিক উন্নয়ন তহবিল ও উন্নয়ন তহবিলের বিভাজনের বিষয়ে আগামী সভায় সিদ্ধান্ত গৃহীত হবে ।<br>১.৩) সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ রাস্তার তালিকা উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে ।<br>১.৪) প্রত্যেক ইউনিয়ন থেকে তালিকা সংগ্রহ করে খাল খননের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে । | উপজেলা চেয়ারম্যান /উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট । |
| ২.২ স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । তিনি জানান অক্টোবরের প্রথম সপ্তাহে জরায়ু ক্যান্সার প্রতিরোধে ০৫ শ্রেনী থেকে ০৯ শ্রেনীর ছাত্রীদের এইচপিভি ভ্যাকসিন প্রদান করা হবে। জন্মনিবন্ধন ও মোবাইল নম্বরের মাধ্যমে অনলাইনে রেজিস্টেশন করতে হবে ।<br>তিনি চলতি বছরে এডিপি ও উন্নয়ন তহবিল হতে কমিউনিটি ক্লিনিকগুলোতে বরাদ্দ প্রদানের প্রস্তাব করেন । | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে ।<br>১.২) এইচপিভি ভ্যাকসিন প্রদান কার্যক্রমে সুষ্ঠ পরিকল্পনা গ্রহণ করতে হবে ।<br>১.৩) কমিউনিটি ক্লিনিকের সমস্যা সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে । | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পন কর্মকর্তা,সিলেট সদর, সিলেট ও সংশ্লিষ্ট সকল । |
| ২.৩ মাধ্যমিক শিক্ষা বিভাগ | আলোচনাকালে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।তিনি জানান এইচএসসি পরীক্ষা শুরু হয়েছে এছাড়া ১০০টি শিক্ষা প্রতিষ্ঠানে সামষ্টিক মূল্যায়ন চলমান। | ১)আগামীতে বারি বৃষ্টির পাতের সম্ভাবনা থাকায় বন্যা হওয়ার সম্ভাবনা আছে, তাই বন্যা আশ্রয়কেন্দ্র সব সময় প্রস্তুত থাকতে হবে । | উপজেলা মাধ্যমি শিক্ষা কর্মকর্তা সংশ্লিষ্ট সকল । |
| ২.৪ প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।তিনি জানান, প্রাথমিক বিদ্যালয়ের অনলাইন শুমারী শুরু, অনলাইন শুমারী না করলে বই বিতরণ সম্ভব না । | ১.১) অনলাইন শুমারী সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে । | উপজেলা শিক্ষ কর্মকর্তা, সিলে সদর, সিলেট । |
| ২.৫ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান সকলের সার্বিক সহযোগিতায় সাম্প্রতিক বন্যা মোকাবেলা সম্ভব হয়েছে । বন্যায় ক্ষয়ক্ষতির পরিমান উর্দ্ধতন কর্তৃপক্ষ | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে ।<br>১.২) বন্যার ক্ষয়ক্ষতির চাহিদা উর্দ্ধতন | উপজেলা প্রক বাস্তবায়ন কর্মকর্তাও |

| | | | |
|---|---|---|---|
| বিভাগ | বরাবর প্রেরণ করা হয়েছে ।তিনি সিলেট সদর উপজেলার সর্বশেষ তথ্য প্রদানের অনুরোধ জানান । | কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে । | সংশ্লিষ্ট সকল |
| ২.৬ পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর ,সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১) নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে । | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ২.৭ কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, প্রনোদনা কর্মসূচীর আওতায় ৯৮০ জন কৃষক/কৃষাণীকে ০৫ কেজি হারে আমন ধানের বীজ ও ২০ কেজি হারে সার প্রদান করা হয়েছে, পূর্নবাসন কর্মসূচীর আওতায় ১৮০ জন কৃষক/কৃষাণীকে ০৫ কেজি হারে আমন ধানের বীজ ও ২০ কেজি হারে সার প্রদান করা হয়েছে, ১০৫০ টি নারিকেল চারা বিতরণ করা হয়েছে, ৫০০টি তালের চারা বিতরণ করা হয়েছে । খাস জমিতে পুকুর খনন সিলেট প্রকল্পের আওতায় ২০টি আমন প্রদর্শনী ও ক্রিপ প্রকল্পের আওতায় ৩১ টি আমন প্রদর্শনী বাস্তবায়ন করা হবে ।<br>আলোচনাকালে তিনি হাওড়ে বজ্র শেল্টার/ কৃষক ছাউনী নির্মাণ, কৃষক প্রশিক্ষণ রুম মেরামত ও পানির লাইন মেরামত এবং বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকদেরকে বীজ বিতরণ করার প্রস্তাব উপস্থাপন করেন । | ১.১- প্রনোদনা, পূর্নবাসন ও আমন প্রদর্শনী কার্যক্রম সুষ্ঠ ভাবে বাস্তবায়ন করতে হবে ।<br>১.২- উপজেলা এডিপি/উন্নয়ন তহবিলের আওতায় হাওড়ে বজ্র শেল্টার/ কৃষক ছাউনী নির্মাণ, বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকদেরকে বীজ বিতরণ প্রকল্প গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>১.৩- চলতি বছরে উপজেলা রাজস্ব তহবিলের আওতায় উপজেলা কৃষি অফিসের প্রশিক্ষন রুম মেরামত ও পানির লাইন মেরামতের প্রাক্কলন প্রস্তুতের বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করা হয় । | উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট |
| ২.৮ মৎস্য বিভাগ | উপজেলা সিনিয়র মৎস কর্মকর্তা সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১) নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে । | উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২.৯ প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান গবাদি পশুদের টিকা প্রদান কার্যক্রম ও কৃত্রিম প্রজনন কার্যক্রম, ফ্রি মেডিকেল ক্যাম্প, ভ্যাকসিন প্রদান কার্যক্রম সহ এলডিডিপি প্রকল্প ও প্রাণিপুষ্টি উন্নয়ন প্রকল্পের কার্যক্রম চলমান । | ১.১) গবাদি পশুদের টিকা প্রদান কার্যক্রম ও কৃত্রিম প্রজনন কার্যক্রম, ফ্রি মেডিকেল ক্যাম্প, ভ্যাকসিন প্রদান কার্যক্রম সহ এলডিডিপি ও প্রাণিপুষ্টি উন্নয়ন প্রকল্পের কার্যক্রম সুষ্ঠ ভাবে বাস্তবায়ন করতে হবে । | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ২.১০ সমাজ সেবা বিভাগ | প্রতিনিধি, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান সমাজসেবা বিভাগের বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধি ভাতা সহ বিভিন্ন ভাতার মোবাইলের মাধ্যমে প্রদান করা হয় । কিছু প্রতারক চক্র ভেরিফিকেশন কোড নিয়ে ভাতার টাকা হাতিয়ে নিয়ে যায় । তিনি সকল ইউপি চেয়ারম্যানগন জনগনকে এ বিষয়ে সচেতনতা বৃদ্ধির প্রস্তাব করেন । | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে এবং প্রতারক চক্রের বিষয়ে জনগনকে সচেতন করার জন্য ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন করা হয় । | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ২.১১ মহিলা বিষয়ক বিভাগ | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট সভায় সিলেট জানান ভিডাব্লিউবি কর্মসূচীর বরাদ্দ না পাওয়ার কারণে ডিও ইস্যু করা যাচ্ছে না । এছাড়া কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম এবং মা ও শিশু সহায়তা কর্মসূচীর কার্যক্রম চলমান । তিনি আরো ও জানান দুস্থ মহিলা কল্যান তহবিলের আওতায় আর্থিক সাহায্যের আবেদন গ্রহন করা হচ্ছে এসকল আবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হবে । | ১)কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম এবং মা ও শিশু সহায়তা কর্মসূচীর কার্যক্রম অব্যাহত রাখতে হবে ।<br>২) দুস্থ মহিলাদের আর্থিক সাহায্য প্রদান কার্যক্রম সুষ্ঠ ভাবে বাস্তবায়ন করতে হবে । | উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট । |
| ২.১২ জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সদর, সিলেট সভায় জানান নতুন অর্থবছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্প বরাদ্ধ পাওয়া মাত্র জানানো হবে ।তিনি জানান জনস্বাস্থ্য অধিদপ্তরের পক্ষ থেকে সাম্প্রতিক বন্যায় বিশুদ্ধ পানি ও পানি বিশুদ্ধ করন টেবলেট বিতরণ করা হয়েছে ।<br>তিনি আরোও জানান, গত অর্থবছরে উপজেলা জনস্বাস্থ্য ও স্যানিটেশন কমিটির সভায় প্রতি ইউনিয়নে ২টি করে টু ইন লেট্রিন | ১.১)সাম্প্রতিক বন্যায় বিশুদ্ধ পানি সরবরাহ ও পানি বিশুদ্ধ করন টেবলেট সরবরাহের জন্য উপজেলা পরিষদের পক্ষ থেকে জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তরকে ধন্যবাদ জ্ঞাপনের প্রস্তাব গৃহীত হয় । | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য/ ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | স্থাপনের প্রস্তাব উপস্থাপন করা হয়েছিল । তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন । | ১.২) চলতি অর্থ বছরে বরাদ্ধ পাওয়া মাত্র কাজ দ্রুত শুরু করতে হবে। । | |
| ২.১৩ পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে । | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২.১৪ খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে । | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ২.১৫ পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট জানান অত্র বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । তিনি জানান ঋণ আদায় ৭০%, ঋণ বিতরণ ৮৫%, ঋণ খেলাপী প্রায় চার কোটি টাকা । | ১.১। ঋণ খেলাপী রোধ করতে ইউপি চেয়ারম্যান (সকল) সার্বিক সহযোগিতা করবেন এবং প্রয়োজনে সার্টিফিকেট মামলা করা যেতে পারে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২.১৬ বন বিভাগ | ফরেস্ট রেঞ্জার, সিলেট রেঞ্জ, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | ১.১। সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে । | উপজেলা বন কর্মকর্তা |
| ২.১৭ যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১) সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে । | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট |
| ২.১৮ সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট । |
| ২.১৯ উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার,সিলেট সদর, সিলেট সভায় জানান, প্রবাসী ভোটার নিবন্ধন কার্যক্রম সহ বিভাগীয় কার্যক্রম চলমান । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |
| ৩ কমিটির সুপারিশ পর্যালোচনা | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের ১৭ টি কমিটি গঠনের প্রস্তাব উপস্থাপন করেন । | সভায় সর্বসম্মতিক্রমে পুন:গঠিত ১৭ টি কমিটি অনুমোদিত হয় । | সভাপতি ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি, সিলেট সদর, সিলেট । |
| ৪ ।নতুন সার্কুলার, প্রজ্ঞাপন | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রগতির বিষয়ে আলোচনাকালে নতুন কোন সার্কুলার, প্রজ্ঞাপন বিধি অগ্রগতি না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি । | | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |
| ৫ ।মাননীয় উপদেষ্টার পরামর্শে | অদ্য সভায় উপজেলা পরিষদের মাননীয় উপদেষ্টার পরামর্শ না থাকায় এ বিষয়ে কোন আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি । | | |
| ৬। নিয়মিত রাজস্ব ব্যয় | চলতি মাসে কোন অনিয়মিত রাজস্ব ব্যয় নাই। | ১)চলতি মাসে কোন অনিয়মিত রাজস্ব ব্যয় না থাকায় এ বিষয়ে কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি । | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |
| ৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, সদর, সিলেট জানান, সিলেট সদর উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রনোয়ন করা প্রয়োজন ।তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন । | ১.১) উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়নের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে সভাপতি করে এবং উপজেলা প্রকৌশলীকে সদস্য সচিব, ইউডিএফ, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে সদস্য করে কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ইউডিএফ ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ০৯। বিবিধ | বিবিধ-১:- আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের নতুন সম্প্রসারিত ভবনটি অনিরাপদ।মূলভবনের প্রবেশ মুখ সহ উত্তর ও দক্ষিন পার্শ্ব উন্মুক্ত । উপজেলার ৬টি গুরুত্বপূর্ণ দপ্তর সহ উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয় এবং পরিষদের সম্মেলন কক্ষ এই ভবনে অবস্থিত । উন্নত মাল্টি মিডিয়ার যন্ত্রপাতি সহ উপজেলার সার্ভার রুমও এখানে অবস্থিত । সার্বিক বিবেচনায় এই ভবনটির নিরাপত্তার ব্যবস্থা জোড়দার করা প্রয়োজন ।সহাকারী প্রোগ্রামার, | ১) সভায় সর্বসম্মতিক্রমে চলতি বছরের উপজেলা রাজস্ব তহবিলের বাসাবাড়ি/অফিস রক্ষনাবেক্ষন খাত হতে উপজেলা পরিষদের নুতন সম্প্রসারিত ভবন ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের মূল গেইট পরিবর্তন বাবদ- ৬,০০,০০০/-(ছয় লক্ষ) টাকার প্রাক্কলন অনুমোদিত হয় এবং কোটেশনের | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার সিলেট সদর সিলেট |

| | | |
|---|---|---|
| | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী এ বিষয়ে একমত প্রকাশ করেন । এছাড়াও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের মূল গেইটটি জড়াজীর্ন এবং ক্ষয় প্রাপ্ত হওয়ায় তিনি গেইটটি পরিবর্তনের প্রস্তাব রাখেন । এ ব্যাপারে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করিলে উপজেলা প্রকৌশলী উপজেলা পরিষদের নুতন সম্প্রসারিত ভবন ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের মূল গেইট পরিবর্তন বাবদ-৬,০০,০০০/-(ছয় লক্ষ) টাকার প্রাক্কলিত ব্যায় নির্ধারণ পূর্বক বিধি মোতাবেক কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাব করেন ।<br><br>আলোচনাকালে উপজেলা কৃষি অফিসার এবং প্রতিনিধি, উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, উপজেলা কৃষি অফিসের প্রশিক্ষণ রুম, পানির লাইন, উপজেলা সমাজসেবা অফিসের ২তলা বিশিষ্ট ভবনের বিভিন্ন দপ্তরের দরজা জানালা ভাঙ্গা থাকায় বৃষ্টির পানি প্রবেশে দাপ্তরিক কার্যক্রম পরিচালনায় বিঘ্ন হয়। এ ব্যাপাওে উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করিলে তিনি উক্ত কাজের প্রাক্কলিত ব্যায় ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা নির্ধারণ পূর্বক বিধি মোতাবেক প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাব করেন ।<br>বিবিধ-০৩:- আলোচনাকালে অদ্য সভার সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান, উপজেলা পরিষদের অভ্যান্তরে জঙ্গল পরিস্কার করা প্রয়োজন । তিনি আধুনিক প্রযুক্তি ঘাস কাটার মেশিন ক্রয় করার প্রস্তাব উপস্থাপন করেন এবং উপস্থিত সদস্যবৃন্দ সহমত পোষন করেন । | মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>২) উপজেলা রাজস্ব তহবিলের বাসাবাড়ি/অফিস রক্ষনাবেক্ষন খাত হতে উপজেলা কৃষি অফিসের প্রশিক্ষণ রুম, পানির লাইন, উপজেলা সমাজসেবা অফিসের ২তলা বিশিষ্ট ভবনের বিভিন্ন দপ্তরের দরজা জানালা সংস্কার ও মেরামত বাবদ-২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার প্রাক্কলন অনুমোদিত হয় এবং উক্ত কাজ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩) সভায় সর্বসম্মতিক্রমে রাজস্ব তহবিলের পরিষ্কার পরিচ্ছন্নতা খাত হতে উপজেলা পরিষদের অভ্যান্তরিন জঙ্গল পরিষ্কারের জন্য ঘাস কাটার মেশিন ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিল ভাউচারের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় । |

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সুজাত আলী রফিক
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
সিলেট সদর, সিলেট ।
তারিখ: ২৫/০৭/২০২৪ খ্রিঃ।

স্মারক নং:-৪৬.৪৫.৯১৬২.০০০.০২.০০১.১৯. ৫২ (৫০)
অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ।

১। মাননীয় সংসদ সদস্য-সিলেট-০১ ।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট ।
৪। জেলা প্রশাসক, সিলেট ।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট ।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট ।
৭। উপজেলা -----------------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট ।
৮। চেয়ারম্যান,------------------------ ---------------ইউ/পি (সকল) সিলেট সদর, সিলেট ।
৯। জনাব/বেগম,-----------------------------------সিলেট সদর, সিলেট ।
১০। অফিস নথি।

২৫/৭/২৪
নাছরীন আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট ।

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মোঃ সাইফুল ইসলাম | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। |
| ০২) | মিজ্ মোছা: হাছিনা আক্তার | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। |
| ০৩) | জনাব মো: মানিক মিয়া | চেয়ারম্যান, ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৪) | জনাব রফিকুজ্জামান | চেয়ারম্যান, ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৫) | জনাব দিলোয়ার হোসেন | চেয়ারম্যান, ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৬) | জনাব বদরুল ইসলাম আজাদ | চেয়ারম্যান,৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৭) | জনাব শফিকুর রহমান | চেয়ারম্যান, ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৮) | জনাব হিরণ মিয়া | চেয়ারম্যান, ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৯) | জনাব মো: আব্দুল মনাফ | চেয়ারম্যান, ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ১০) | জনাব অপূর্ব লাল সরকার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১১) | ডা: নাহিদ আরজুমান বানু | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ১২) | ডা: আহমদ সিরাজুম মুণীর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৩) | মিজ্ শামছুন্নাহার | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট। |
| ১৪) | জনাব মুহাম্মদ হিরণ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৫) | জনাব মো: হাসানুজ্জামান | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট। |
| ১৬) | জনাব অভিজিৎ কুমার পাল | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৭) | জনাব আব্দুল জলিল তালুকদার | উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১৮) | জনাব মো: ইকরামুল কবির | প্রতিনিধি,উপজেলা সমাজসেবা অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১৯) | জনাব পাবেল সরকার | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ২০) | জনাব মোহাম্মদ লায়েছ মিয়া তালুকদার | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট।০ |
| ২১) | মিজ্ শারমিন আক্তার | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট। |
| ২২) | জনাব মোহাম্মদ এমরান হোসেন | ইউডিএফ, সিলেট সদর, সিলেট। |
| ২৩) | জনাব মোহাম্মদ ফরহাদ হোসেন | উপজেলা নির্বাচন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২৪) | মিজ্ মরিয়ম আক্তার | তথ্য সেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মো: আবু তালহা | উপজেলা ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, সদর, সিলেট। |
| ০২) | জনাব মো: রাশেল গাজী | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট।. |
| ০৩) | জনাব দ্বিজরাজ বর্মন | সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ০৪) | জনাব আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ০৫) | জনাব মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ০৬) | জনাব মো: আব্দুল আহাদ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ০৭) | জনাব কামরুল ইসলাম | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট। |